গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.dinajpur.gov.bd

নং-০৫.৫৫.২৭০০.০০৮.০৭.০২৭.২২-৪০৩/১

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩
১ জুন, ২০২৬

**"গণবিজ্ঞপ্তি"**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ, সমন্বয়-২ শাখার ১ জুন, ২০২৬ খ্রি. তারিখের ২৭.০০.০০০০.০০.০৫২.৯৯.০০২.২৬-৩৬৯ নং স্মারকের পত্রের পরিপ্রেক্ষিতে এবং মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক চলমান বিদ্যুৎ সাশ্রয় কার্যক্রমের অংশ হিসেবে অদ্য ১ জুন, ২০২৬ খ্রি. তারিখ হতে দিনাজপুর জেলার সকল শপিংমল, মার্কেট, দোকান, বিলবোর্ড এবং চলমান/অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত খোলা রাখা যাবে। বিলবোর্ডের বাতি সন্ধ্যা ০৭:০০ টার মধ্যে আবশ্যিকভাবে বন্ধ করতে হবে। সেসাথে জেলায় অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সন্ধ্যা ০৭:০০ টার মধ্যে আবশ্যিকভাবে বন্ধ করতে হবে।

গণবিজ্ঞপ্তির নির্দেশনাসমূহ অমান্যকারী ব্যক্তি/ব্যবসা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আসুন বিদ্যুৎ ব্যবহারে সচেতন হই এবং বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাই।

01/06/2026

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা ম্যাজিস্ট্রেট
দিনাজপুর
☎ ০২৫৮৯৯২৫০০১ (অফিস)
dcdinajpur@mopa.gov.bd